দৈনিক ইত্তেফাক

তারিখ 03 AUG 1992
পৃষ্ঠা ৮ কলাম ৪

18

# জাতীয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিল উত্থাপন

ইত্তেফাক রিপোর্ট ॥ জাতীয় সংসদে আইন-শৃংখলা পরিস্থিতি লইয়া তুমুল বিতর্কের পর গতকাল (রবিবার) সন্ধ্যায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিল, ১৯৯২ এবং বাংলাদেশ জাতীয় বিশ্ববিদ্যালয় বিল, ১৯৯২ জাতীয় সংসদে উত্থাপিত হয়। বিরোধীদল এ বিল

(১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বিল উত্থাপন

( প্রথম পৃঃ পর )

উত্থাপনে কোন বাধা প্রদান না করিয়া বরং স্বাগত জানাইয়াছে। "সকল পর্যায়ের শিক্ষায় জনগণের প্রবেশাধিকার উন্মুক্ত ও ত্বরান্বিত করার জন্য" "শিক্ষিতের হার বৃদ্ধির বিকল্প ব্যবস্থা" হিসাবে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিলে সরকার প্রধানকে চ্যান্সেলার করিয়া ১৯৭৩-এর আদেশে গঠিত মঞ্জুরী কমিশনের আওতায় গাজীপুরে প্রধান কেন্দ্রবিশিষ্ট মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের সাংগঠনিক রূপরেখা সন্নিবেশিত হইয়াছে। একইভাবে সরকার প্রধানকে চ্যান্সেলার করিয়া "কলেজ শিক্ষার স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের পাঠ্যক্রম ও পাঠ্যসূচী আধুনিকীকরণ ও উন্নতি সাধন, শিক্ষার গুণগত মান উন্নয়ন, শিক্ষকদের প্রশিক্ষণ ও যোগ্যতা বৃদ্ধিসহ কলেজের যাবতীয় বিষয় ও ব্যবস্থাপনার দায়িত্ব ন্যস্ত করার লক্ষ্যে" 'জাতীয় বিশ্ববিদ্যালয়' স্থাপনের জন্য দ্বিতীয় বিলটি আনা হইয়াছে। এ বিশ্ববিদ্যালয়ের সদর দফতর থাকিবে গাজীপুরে।

ব্যারিষ্টার মওদুদ আহমদ বলেন, বিরোধীদল এ বিলে কোন আপত্তি জানায় নাই, ইহা রেকর্ড থাকা উচিত।

জাতীয় সংসদ গতকাল আওয়ামী লীগের এমপি আবদুল ওয়াজেদ চৌধুরীর মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহণ করে, মোনাজাত পরিচালনা করেন ইসলামী ঐক্যজোট এমপি মওলানা ওবায়দুল্লাহ।